

## মওলানা ভাসানীকে নিয়ে নির্মিত হচ্ছে সিনেমা

বাংলাদেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানী। যিনি সবার কাছে মওলানা ভাসানী হিসেবে পরিচিত। এবার তার জীবনী আসছে রূপালি পর্দায়। মওলানা ভাসানীর জীবনী অবলম্বনে 'ভাসানী' নামে সিনেমাটি বানাবেন সৈয়দ অহিদুজ্জামান ডায়মন্ড। মওলানা ভাসানীর ১৩ বছর বয়স থেকে শুরু হবে সিনেমার কাহিনী। এতে ভাসানী চরিত্রে অভিনয় করবেন তিনজন অভিনেতা। ভাসানীর চরিত্রে এখনও কাউকে চূড়ান্ত করেননি নির্মাতা। অডিশনের মাধ্যমে নিতে চান নতুন মুখ। নির্মাতা ভাসানী চরিত্রে এমন কাউকে নির্বাচন করতে চান, যাকে সবাই দেখে মনে করে ভাসানীকেই দেখছি। পরিচিত মুখ নিলে সেটা হয়তো হবে না, তাই নতুন মুখ নিয়ে কাজ করতে চাই বলে জানিয়েছেন নির্মাতা। চলতি বছরের ১৬ মে থেকে ছবিটির শুটিং শুরুর প্রাথমিক পরিকল্পনা রয়েছে। এখন চলছে প্রি-প্রোডাকশনের কাজ।

## বিবিসির প্রভাবশালী নারী হাদিকা কিয়ানি

প্রতিবছরের মতো এ বছরও বিশ্বের সবচেয়ে অনুপ্রেরণাদায়ী ও প্রভাবশালী ১০০ নারীর তালিকা প্রকাশ করে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি। প্রকাশিত এই তালিকায় এবছর জলবায়ুকর্মী, সংস্কৃতি ও শিক্ষা, বিনোদন ও ক্রীড়া, রাজনীতি ও অ্যাডভোকেসি এবং বিজ্ঞান, স্বাস্থ্য ও প্রযুক্তি এই পাঁচ ক্যাটাগরিতে ১০০ জন নারীকে বেছে নেওয়া হয়। এ বছরের তালিকায় জায়গা করে নেন পাকিস্তানের সঙ্গীত জগতের অন্যতম আইকন হাদিকা কিয়ানি। কিয়ানি তার সঙ্গীত এবং মানবিক কাজে অবদানের জন্য পরিচিত। নব্বইয়ের দশকে খ্যাতি পাওয়া কিয়ানি দক্ষিণ এশিয়ার নারী পপসঙ্গীত জগতে একটি সুপরিচিত। তিনি জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির শুভেচ্ছাদূত হিসেবেও কাজ করেছেন। সঙ্গীতের পাশাপাশি মানবিক কাজেও কিয়ানি ছিলেন নিবেদিত। পাকিস্তানের ২০২২ সালের ভয়াবহ বন্যার পর তিনি 'ভাসিলা-এ-রাহ' প্রকল্প চালু করেন, যা বেলুচিস্তান এবং দক্ষিণ পাঞ্জাবে ক্ষতিগ্রস্তদের সহায়তায় কাজে লাগে।







## রুনা লায়লার সুরে 'বাংলা গান' গাইলেন রাহাত ফতেহ আলী খান

২৩ ডিসেম্বর ঢাকার মিরপুর স্টেডিয়ামে বিপিএলের মঞ্চে গেয়েছেন কিংবদন্তি শিল্পী রাহাত ফতেহ আলী খান। বিপিএলের এই মৌসুমের উদ্বোধনী অনুষ্ঠানে গান পরিবেশন করেন তিনি। অনুষ্ঠানে তিনি নিজের গানের সঙ্গে গেয়েছেন উপমহাদেশের সঙ্গীত কিংবদন্তি রুনা লায়লার সুরে গাওয়া বাংলা গানও। কবির বকুলের লেখা ও রুনা লায়লার সুর করা 'ভালোবাসা আমার পর হয়েছে' শিরোনামের গানটি তার কণ্ঠে শুনেছেন শ্রোতারা। এদিকে রুনা লায়লা সম্পর্কে রাহাত ফতেহ আলী খান তার অনুভূতি প্রকাশ করে সংবাদমাধ্যমে বলেন, 'রুনা লায়লাজি অসাধারণ একজন কিংবদন্তি। আমি তাকে খুব সম্মান করি, শ্রদ্ধা করি। আমি রুনা লায়লাজির সুরে একটি বাংলা গান গেয়েছি, রাজা কাশিফের সঙ্গীতায়োজনে। আর বাংলা উচ্চারণ তা রুনা লায়লাজি আমাকে শিখিয়েছেন। ঠিক করে দিয়েছেন। এটি আমার জীবনের সুন্দর অনুভূতি।'

## ভারতে নিষিদ্ধ রেজওয়ানা চৌধুরী বন্যা




চরম উত্তেজনা বিরাজ করছে বাংলাদেশ ও ভারত সম্পর্ক নিয়ে। বাংলাদেশকে নিয়ে ক্রমাগত মিথ্যা প্রোপাগাণ্ডা চালাচ্ছে ভারত। সম্প্রতি ইসকনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তার করে বাংলাদেশ পুলিশ। তারপর পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে। এমন অবস্থায় অশান্তির আঁচ লেগেছে দুই বাংলাতেও। এরই মধ্যে কলকাতা চলচ্চিত্র উৎসব থেকে বাদ দেওয়া হয়েছে বাংলাদেশের সিনেমা। এবার বাংলাদেশের বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যার অনুষ্ঠান বয়কটের ডাক দেওয়া হয়। গত ২৮ ডিসেম্বর মধ্যগ্রামের সুভাষ ময়দানে শুরু হতে যাচ্ছিল ১৯তম পরিবেশ সচেতনতার মেলা। অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানে আসার কথা ছিল রেজওয়ানা চৌধুরী বন্যার। তবে মধ্যম গ্রামের নাগরিক সমাজের একাংশ বন্যাকে অনুষ্ঠান করতে দিতে নারাজ।

## বিশ্বসেরা অভিনেতার তালিকায় ইরফান খান



সম্প্রতি ব্রিটিশ অনলাইন পত্রিকা 'দ্য ইন্ডিপেন্ডেন্ট' একবিংশ শতাব্দীর সেরা ৬০ জন অভিনেতার তালিকা প্রকাশ করেছে। যার মধ্যে বিশ্বের বহু বিখ্যাত সব অভিনেতাদের নাম অন্তর্ভুক্ত রয়েছে। তবে এই তালিকায় একমাত্র ভারতীয় হিসেবে স্থান পেয়েছেন ভারতীয় অভিনেতা ইরফান খান। তালিকার ৪১ নম্বরে রয়েছে এই গুণী অভিনেতার নাম। ২০২০ সালে মাত্র ৫৩ বছর বয়সে এই অভিনেতা মারা যান। ক্যারিয়ারে ১৯৮০ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত, তিনি যুদ্ধ করে গেছেন বলিউডে নিজের অবস্থান টিকিয়ে রাখতে। এরপর ২০০১ সালে আসিফ কাপাডিয়ার সিনেমা 'দ্য ওয়ারিওর' তাকে বড় ধরনের সাফল্য এনে দেয়। অসম্ভব মেধাবী ইরফানের জন্ম ভারতের রাজস্থানে।





## আজীবন সম্মাননা পেলেন আবদুল হাদী ও খুরশিদ আলম

গত ২৭ ডিসেম্বর বাংলাদেশ পরিবেশ ও মানবাধিকার বাস্তবায়ন সোসাইটির 'হিউম্যান রাইটস অ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠিত হয়। আয়োজনে আজীবন সম্মাননা পান দেশের খ্যাতিমান কণ্ঠশিল্পী সৈয়দ আবদুল হাদী ও খুরশিদ আলম। বাংলাদেশ পরিবেশ ও মানবাধিকার বাস্তবায়ন সোসাইটির বর্ষপূর্তির আয়োজনে তাদেরকে এই সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান জালাল আহমেদ এবং অনুষ্ঠানটি উদ্বোধন করেন ন্যাশনাল লাইফ ইনসুরেন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ কজিম উদ্দিন।


## কলকাতায় অভিষেক হচ্ছে পরীমণির

'ফেলুবক্সী'র মাধ্যমে কলকাতায় নতুন অধ্যায় শুরু করছেন ঢাকাই সিনেমার অভিনেত্রী পরীমণি। ১৭ জানুয়ারি ভারতে মুক্তি পাবে সিনেমাটি। 'ফেলুবক্সী' সিনেমায় লাবণ্য চরিত্রে অভিনয় করেছেন তিনি। এ সিনেমায় পরীমণির বিপরীতে অভিনয় করেছেন কলকাতার অভিনেতা সোহম চক্রবর্তী। আছেন কলকাতার অভিনেত্রী মধুমিতা সরকার। 'ফেলুবক্সী' নামটি পরিচিত মনে হলেও তিনি এক অন্য গোয়েন্দা। থ্রিলার ঘরানার এই ছবির নাম ভূমিকায় অভিনয় করতে দেখা যাবে সোহম চক্রবর্তীকে। প্রথমবারের মতো একসঙ্গে কাজ করবেন সোহম, মধুমিতা ও পরীমণি। নতুন প্রজন্মের চরিত্র এই ফেলুবক্সী। সাধারণ এক বাঙালি ছেলে যে খেতে খুব ভালবাসে আর ভালবাসে অপরাধের সমাধান করতে। ছবিতে রেডিও জকি 'দেবযানী'র চরিত্রে দেখা যাবে মধুমিতাকে। যার মনে ফেলুবক্সীর সহকারী হওয়ার সুপ্ত বাসনা রয়েছে। অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে শতাফ ফিগার, সৃজিত আয়ুষ্মান সরকারকে। দেবরাজ সিনহা পরিচালিত থ্রিলারধর্মী এ সিনেমার শুটিং হয় গত বছরের এপ্রিলে। সিনেমার চিত্রনাট্য লিখেছেন কৃষ্ণেন্দু চট্টোপাধ্যায়।



## ঐশ্বরিয়ার লেহেঙ্গা অস্কার মিউজিয়ামে

ঐশ্বরিয়া অভিনীত জনপ্রিয় সিনেমা 'যোধা আকবর'। আকবর চরিত্রে হৃতিক রোশন ও যোধা চরিত্রে অভিনয় করেন ঐশ্বরিয়া রাই। ৪০ কোটি রুপিতে তৈরি সিনেমাটি আয় করে ১২০ কোটির বেশি। আশুতোষ গোয়ারিকর পরিচালিত সিনেমাটি মুক্তি পায় ২০০৮ সালে। গল্প, গান, অভিনয় ছাড়াও এ সিনেমার আলোচিত দিক ছিল কস্টিউম। যেহেতু মোগল সম্রাট আকবর ও তার স্ত্রী যোধা বাঈয়ের গল্প, তাই নির্মাতাদের সর্বোচ্চ নজর ছিল সেট ও চরিত্রদের লুকে যেন পুরোনো সময়টা ফুটে ওঠে। সিনেমায় আকবরের সঙ্গে যোধার বিয়ের দৃশ্যে ঐশ্বরিয়াকে পরানো হয় একটি লাল লেহেঙ্গা। সেই লেহেঙ্গা এবার জায়গা পেল দ্য একাডেমি মিউজিয়ামে। সেখানে প্রদর্শিত হবে লেহেঙ্গাটি। অস্কার কর্তৃপক্ষ ইনস্টাগ্রামে ২৫ ডিসেম্বর যোধা আকবরের ক্লিপস শেয়ার করে খবরটি জানিয়েছে। জারদোসির কাজ করা, শতাব্দীপ্রাচীন কারুশিল্পের মিশেলে এই লেহেঙ্গার সৌন্দর্য সবার নজর কেড়েছিল। এটি ভারতের ঐতিহ্য ও সংস্কৃতির একটি নিদর্শন। এই লেহেঙ্গায় দামি পাথর দিয়ে ফুটিয়ে তোলা হয়েছে ভারতের জাতীয় পাখি ময়ূর। পাশাকটি ডিজাইন করেছিলেন নীতা লুল্লা। একাডেমি মিউজিয়ামের কালার ইন মোশনে প্রদর্শিত হতে চলেছে লেহেঙ্গাটি।





## স্পটিফাইয়ে আবারও সেরা টেলর সুইফট

গান শোনার বিকল্প মাধ্যম হিসেবে বিশ্বজুড়ে জনপ্রিয় অডিও স্ট্রিমিং প্ল্যাটফর্ম স্পটিফাই। সঙ্গীতশিল্পীরা এখন এ প্ল্যাটফর্মে নতুন গান মুক্তি দেন। বছরশেষে স্পটিফাই জানিয়ে দেয়, কোন শিল্পী কিংবা ব্যান্ডের কোন গানগুলো বছরজুড়ে বেশি শুনেছেন শ্রোতারা। সে অনুযায়ী জনপ্রিয় শিল্পী ও গানের রেটিং দেওয়া হয়। সম্প্রতি স্পটিফাই প্রকাশ করে ২০২৪ সালের তালিকা। 'স্পটিফাই র‍্যাপড ২০২৪' শীর্ষক এ তালিকায় সবচেয়ে জনপ্রিয় শিল্পী হিসেবে জ্বলজ্বল করছে টেলর সুইফটের নাম। গত বছরও সেরা হয়েছিলেন তিনি। টেলর সুইফটের সর্বশেষ অ্যালবাম 'দ্য টর্চারড পোয়েটস ডিপার্টমেন্ট' ২০২৪ সালে সবচেয়ে বেশি শুনেছে শ্রোতারা।



## বিটিভির ৬০ বছর উপলক্ষ্যে হীরক জয়ন্তী

দেশের রাষ্ট্রীয় গণমাধ্যম বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) হীরক জয়ন্তী (৬০ বছর পূর্তি) ২৫ ডিসেম্বর পালন করা হয়। ১৯৬৪ সালের ২৫ ডিসেম্বর ঢাকার তৎকালীন ডিআইটি ভবনের নিচতলায় টেলিভিশন চ্যানেলটির যাত্রা শুরু। এরপর সরকারি প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশের জন্মের পরের বছর যাত্রা শুরু করে বাংলাদেশ টেলিভিশন। ১৯৭৫ সালে ডিআইটি ভবন থেকে বিটিভিকে রামপুরায় নিজস্ব ভবনে স্থানান্তর করা হয়। ১৯৮০ সালে দর্শকদের রঙিন পর্দা উপহার দেয়ার মাধ্যমে নতুন যুগে পদার্পণ করে বিটিভি। চ্যানেলটির সম্প্রচার এখন এইচডি (হাই ডিফিনেশন) এবং টেরিস্ট্রিয়াল, স্যাটেলাইট ও মোবাইল অ্যাপের মাধ্যমে সাধারণের কাছে পৌঁছে গেছে। হীরক জয়ন্তী উপলক্ষ্যে বিটিভি পরিবারের সদস্যরা বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপন করে। ২৪ ডিসেম্বর দিবাগত রাত ১২টায় কেক কাটার মধ্য দিয়ে শুরু হয় আনুষ্ঠানিকতা। এছাড়া দিনব্যাপী বিটিভির পর্দায় থাকে নানান পরিবেশনা। ৬০ বছর পূর্তিতে তৈরি করা হয় থিম সং। মিল্টন খন্দকারের সঙ্গীতায়োজনে গানটিতে কণ্ঠ দিয়েছেন আলম আরা মিনু, রিজিয়া পারভীন, রোমানা ইসলাম, হাসান চৌধুরী, বশিরুজ্জামান সাব্বির, মুহিন ও স্বরলিপি।

## 'কথা ক'-এর সেজান গাইলেন সিনেমায়



বৈষম্যবিরোধী আন্দোলনের সময় 'কথা ক' গান দিয়ে ব্যাপক আলোচনায় আসেন র‍্যাপ সঙ্গীতশিল্পী সেজান। তিনি এবার নাম লেখালেন সিনেমার গানে। তার গাওয়া 'এই শহর স্বার্থপর' শিরোনামের গানটি ব্যবহার করা হয়েছে শঙ্খ দাশগুপ্ত পরিচালিত 'প্রিয় মালতী' সিনেমায়। মহানগর ঢাকার নিম্ন মধ্যবিত্তদের বঞ্চনা আর বৈষম্যের কথা উঠে এসেছে এই গানে। 'এই শহর স্বার্থপর' গানটি লিখেছেন ও কণ্ঠ দিয়েছেন সেজান ও আহমেদ হাসান সানি। সুর ও সঙ্গীত সেজানের।




## প্রকাশ পেলো চিরকুটের নতুন গান

নতুন গান প্রকাশ করেছে গানের দল চিরকুট। গত ২৩ ডিসেম্বর ব্যান্ডের ফেসবুক পেজে থেকে এই গান প্রকাশের ঘোষণা দেওয়া হয়। 'জানা হলো না' শিরোনামের গানটির কথা, সুর ও কণ্ঠ দিয়েছেন শারমিন সুলতানা সুমি। পাভেল আরিন সামলেছেন মিউজিক ও সাউন্ড প্রোডিউসারের দায়িত্ব। ব্যান্ডের চতুর্থ অ্যালবামের কাজ করার ফাঁকে নানা প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে হঠাৎ তৈরি হয়েছে গানটি। জানুয়ারি মাসেই নতুন অ্যালবাম প্রকাশ করার পরিকল্পনা করছে তারা। সেই লক্ষ্যেই চলছে গান বাঁধার কাজ। আপাতত অ্যালবামের নাম রাখা হয়েছে 'পেন্ডুলাম'। তবে নামটি পরিবর্তনও হতে পারে। অ্যালবামে মোট ১০টি গান উপহার দিতে চায় চিরকুট। অ্যালবামের কাজের মাঝেই তারা তৈরি করল নতুন গান 'জানা হলো না'।

## দিলীপ শঙ্করের রহস্যজনক মৃত্যু

অভিনেতা দিলীপ শঙ্কর মালায়ালাম টেলিভিশন অঙ্গনে বেশ পরিচিত মুখ। সম্প্রতি তিরুবন্তপুরমে একটি ধারাবাহিকের শুটিংয়ের জন্য গিয়েছিলেন এ অভিনেতা। সেই সিরিয়ালের নির্মাতা জানান, শুটিংয়ে সাময়িক বিরতি ছিল। তাই সিরিয়ালের শুটিংয়ে যোগ দেওয়ার জন্য তিরুবন্তপুরমেরই একটি হোটেলে থেকে যান এই অভিনেতা। তবে



কয়েকদিন ধরে অভিনেতাকে হোটেল রুম থেকে বের হতে না দেখেই হোটেলের কর্মীদের সন্দেহ হয়। তার রুমের সামনে আসলে পচা গন্ধ পাওয়া যায়। ২৯ ডিসেম্বর কেরালার এই হোটেলের কক্ষ থেকে ৪৫ বছর বয়সী অভিনেতার মরদেহ উদ্ধার করে পুলিশ। পুলিশ এরই মধ্যে অভিনেতার রহস্যজনক মৃত্যুর ঘটনা নিয়ে তদন্তে নেমেছে।

## চলে গেলেন চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল

প্রখ্যাত ভারতীয় চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল মারা গেছেন ২৩ ডিসেম্বর। মুম্বাইয়ের একটি হাসপাতালে শেষনিঃশ্বাস ত্যাগ করেন তিনি। তার বয়স হয়েছিল ৯০ বছর। গত ১৪ ডিসেম্বর ছিল শ্যাম বেনেগালের জন্মদিন। ৯০ বছর পূর্ণ করেছিলেন তিনি। বহুদিন ধরেই বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন তিনি। এ ছাড়া কিডনিসংক্রান্ত সমস্যাও ছিল তার। শারীরিক অসুস্থতার পরও কাজের মধ্যেই ছিলেন শ্যাম বেনেগাল। সপ্তাহে তিন দিন ডায়ালেসিসের জন্য হাসপাতালে যেতে হতো তাকে। কিন্তু ছবির কাজ থামেনি তাতেও। ২০২৩ সালে মুক্তি পায় শ্যাম বেনেগাল পরিচালিত শেষ ছবি 'মুজিব: একটি জাতির রূপকার'।

